গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৩৪/২০১৭-১৮

ঢাকা, বুধবার, ৩০ মে ২০১৮, ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শান্তিরক্ষীদের দেশের মর্যাদা সমুন্নত রাখার আহ্বান রাষ্ট্রপতির

২। মহাসড়কের মানোন্নয়নে পাঁচ প্রকল্পসহ ১৩ প্রকল্প একনেকে অনুমোদন

৩। প্রধানমন্ত্রীর ভারত সফর সম্পর্কে সংবাদ সম্মেলন আজ

৪। প্রধানমন্ত্রীর সম্মানে সশস্ত্রবাহিনীর ইফতার অনুষ্ঠিত

৫। বাজেটে পুঁজিবাজারসংক্রান্ত প্রস্তাব বিবেচনার আশ্বাস অর্থমন্ত্রীর

৬। প্রকৃত জামদানি তাঁতিদের প্লট বরাদ্দ নিশ্চিত করতে শিল্পমন্ত্রীর নির্দেশ

৭। কৃষিতে বিষাক্ত কীটনাশকের ব্যবহার কমাতে হবে : কৃষিমন্ত্রী

৮। ১৪ জুনের মধ্যে শ্রমিকদের উৎসবভাতা দিতে হবে : শ্রম প্রতিমন্ত্রী

৯। প্রযুক্তিগত জ্ঞান ছাড়া নারীর সামগ্রিক উন্নয়ন সম্ভব নয় : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১০। সরকার সাংবাদিকদের কল্যাণে কাজ করে যাচ্ছে : তথ্য প্রতিমন্ত্রী

১১। জাতীয়করণ করা হলো আরও ৩৬ মাধ্যমিক বিদ্যালয়

১২। ৩৮ ও ৩৯তম বিসিএস পরীক্ষার তারিখ নির্ধারণ করেছে পিএসসি

চলমান পাতা-২

১। **শান্তিরক্ষীদের দেশের মর্যাদা সমুন্নত রাখার আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সর্বোচ্চ পেশাদারিত্ব ও দক্ষতা প্রদর্শন করে সাহসী ও বীরোচিত কাজের মাধ্যমে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে দেশের মর্যাদা সমুন্নত রাখার জন্য বাংলাদেশি শান্তিরক্ষীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস-২০১৮ উপলক্ষে গতকাল (২৯ মে মঙ্গলবার) রাজধানীতে এক অনুষ্ঠানে ভাষণদানকালে বলেন, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরতরা আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের জাতীয় পতাকা সমুন্নত রাখার মাধ্যমে বাংলাদেশকে একটি শান্তি প্রতিষ্ঠাকারী দেশ হিসেবে প্রতিষ্ঠার জন্য কাজ করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

২। **মহাসড়কের মানোন্নয়নে পাঁচ প্রকল্পসহ ১৩ প্রকল্প একনেকে অনুমোদন**

রাজশাহী, রংপুর, খুলনা, চট্টগ্রাম ও সিলেট অঞ্চলের জেলাসমূহের মহাসড়কের যথাযথ মানোন্নয়ন ও প্রশস্তকরণে একই ধরনের পাঁচটি প্রকল্পসহ মোট ৯ হাজার ৫১৮ কোটি টাকা ব্যয়ে ১৩ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এতে মোট ব্যয় হবে ৯ হাজার ৫১৮ কোটি ৬২ লাখ টাকা। এর মধ্যে সরকার অর্থায়ন করবে ৬ হাজার ৮৫৪ কোটি ৬৯ লাখ টাকা, সংস্থার নিজস্ব অর্থায়নে ব্যয় করা হবে ৭১ কোটি ৫৯ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ২ হাজার ৫৯২ কোটি ৩৪ লাখ টাকা। গতকাল (২৯ মে মঙ্গলবার) রাজধানীর শেরে বাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক সভায় এ প্রকল্পগুলোর অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

৩। **প্রধানমন্ত্রীর ভারত সফর সম্পর্কে সংবাদ সম্মেলন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সাম্প্রতিক ভারত সফর সম্পর্কে সংবাদ সম্মেলন করবেন আজ। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, আজ বিকেল ৪টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। গত ২৫ মে দুই দিনের সরকারি সফরে কলকাতা যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

৪। **প্রধানমন্ত্রীর সম্মানে সশস্ত্রবাহিনীর ইফতার অনুষ্ঠিত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সম্মানে সশস্ত্রবাহিনীর সম্মিলিত ইফতার আয়োজন করা হয়েছে। গতকাল (২৯ মে মঙ্গলবার) ঢাকা সেনানিবাসে এ ইফতার অনুষ্ঠানের আয়োজন করা হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতর জানায়, গতকাল ইফতার অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসে উপস্থিত হলে সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক, নৌবাহিনী প্রধান এডমিরাল এম নিজামউদ্দিন আহমেদ ও বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল আবু এসরার এবং সশস্ত্রবাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লে. জেনারেল মো. মাহফুজুর রহমান প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। প্রধানমন্ত্রী সশস্ত্রবাহিনীর সকল পর্যায়ের কর্মকর্তা ও সদস্য এবং উপস্থিত অতিথিদের সাথে কুশল বিনিময় করেন এবং ইফতারে শরিক হন। প্রধানমন্ত্রী দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি এবং সশস্ত্রবাহিনীর উন্নয়নের অগ্রযাত্রা কামনা করে ইফতার অনুষ্ঠানের পূর্বে বিশেষ মোনাজাতে অংশ নেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫)।

৫। **বাজেটে পুঁজিবাজারসংক্রান্ত প্রস্তাব বিবেচনার আশ্বাস অর্থমন্ত্রীর**

আসন্ন ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে পুঁজিবাজারসংক্রান্ত প্রস্তাবগুলো বিবেচনা করা হবে বলে আশ্বাস দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। প্রয়োজনবোধে এ বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও জাতীয় রাজস্ব বোর্ডের সঙ্গে আলোচনা করবেন বলেও জানিয়েছেন তিনি। গতকাল (২৯ মে মঙ্গলবার)

অর্থ মন্ত্রণালয়ে ঢাকা স্টক এক্সচেঞ্জের পর্ষদ ও ডিএসই ব্রোকারস অ্যাসোসিয়েশনের নেতাদের সঙ্গে সাক্ষাৎকালে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১০,ক.১)।

৬। প্রকৃত জামদানি তাঁতিদের প্লট বরাদ্দ নিশ্চিত করতে শিল্পমন্ত্রীর নির্দেশ

জামদানি শিল্পনগরীর সব প্লটে গুণগতমানের জামদানি শিল্প স্থাপনের লক্ষ্যে বিসিকের নজরদারি ও পৃষ্ঠপোষকতা বাড়ানোর নির্দেশ দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, এ শিল্পনগরীতে জামদানি তাঁতশিল্পী ছাড়া অন্য কারো নামে কোনো প্লট বরাদ্দ থাকলে, তা দ্রুত বাতিল করে প্রকৃত তাঁতিদের মাঝে বরাদ্দ দিতে হবে। এক্ষেত্রে কোন ধরনের শৈথিল্য প্রদর্শন করলে, সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি সতর্ক করেন। গতকাল (২৯ মে মঙ্গলবার) রাজধানীর বাংলাদেশ জাতীয় জাদুঘর মিলনায়তনে দশ দিনব্যাপী জামদানি প্রদর্শনী-২০১৮ এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

৭। কৃষিতে বিষাক্ত কীটনাশকের ব্যবহার কমাতে হবে : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, কৃষি হচ্ছে খাদ্যশক্তি, প্রাণশক্তি, শ্রমশক্তি এবং বুদ্ধিবৃত্তিক শক্তির মূল উৎস, যা অদ্বিতীয় ও আন্তঃসংযুক্ত। নিরাপদ খাদ্য ও পুষ্টি নিশ্চিত করতে হলে কৃষিতে কীটপতঙ্গ ব্যবস্থাপনায় বিষাক্ত রাসায়নিক কীটনাশকগুলোর ওপর নির্ভরশীলতা কমিয়ে জৈব কীটনাশকের দিকে অধিক গুরুত্ব দিতে হবে। গতকাল (২৯ মে মঙ্গলবার) সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সভাকক্ষে সার্কভুক্ত দেশের প্রতিনিধিদের নিয়ে অনুষ্ঠিত ‘রিজিওনাল ট্রেনিং প্রোগ্রাম অন ইন্টিগ্রেটেড পেস্ট ম্যানেজমেন্ট সিস্টেম ইন সার্ক মেম্বার স্টেটস’ শীর্ষক আলোচনা অনুষ্ঠানে কৃষিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

৮। ১৪ জুনের মধ্যে শ্রমিকদের উৎসবভাতা দিতে হবে : শ্রম প্রতিমন্ত্রী

আগামী ১৪ জুনের মধ্যে গার্মেন্টস শ্রমিকদের উৎসব ভাতা দিতে যাবে। তবে, কারখানাগুলোর ছুটি অনুযায়ী শ্রমিকদের উৎসব ভাতা দেওয়া যাবে। গতকাল (২৯ মে মঙ্গলবার) সচিবালয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে গার্মেন্টসের ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভাশেষে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক চুন্নু এসব তথ্য জানান। প্রতিমন্ত্রী জানান, যেসব কারখানায় শ্রমিকদের আগে ছুটি হবে তাদের আগেই উৎসব ভাতা পরিশোধ করতে হবে। তবে, যেসব গার্মেন্টসে ছুটি পরে হবে তাদের ক্ষেত্রে সর্বোচ্চ ১৪ জুনের মধ্যে উৎসব ভাতা পরিশোধ করতে হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **প্রথম আলো** (পৃ.১৪,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৯। প্রযুক্তিগত জ্ঞান ছাড়া নারীর সামগ্রিক উন্নয়ন সম্ভব নয় : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

প্রযুক্তিগত জ্ঞান ছাড়া নারীর সামগ্রিক উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। তিনি বলেন, দেশের অর্ধেক জনগোষ্ঠী নারীকে তথ্যপ্রযুক্তিতে অনগ্রসর রেখে বাংলাদেশ উন্নত রাষ্ট্র হতে পারবে না। নারীর সামগ্রিক ক্ষমতায়নও সম্ভব হবে না। গতকাল (২৯ মে মঙ্গলবার) রাজধানীর বেইলি রোডে জাতীয় মহিলা সংস্থার সম্মেলনকক্ষে মহিলা সংস্থা আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

১০। সরকার সাংবাদিকদের কল্যাণে কাজ করে যাচ্ছে : তথ্য প্রতিমন্ত্রী

তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, সাংবাদিক-বান্ধব বর্তমান সরকার সাংবাদিকদের কল্যাণে কাজ করে যাচ্ছে। তিনি গতকাল (২৯ মে মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে ঢাকা সাব-এডিটরস কাউন্সিলের

ইফতার মাহফিলে এ কথা বলেন। তিনি বলেন, ইতোমধ্যে সংবাদকর্মীদের জন্য নবম ওয়েজবোর্ড গঠন করা হয়েছে এবং শীঘ্রই মহার্ঘ্য ভাতা ঘোষণা করা হবে। ঢাকা সাব-এডিটরস কাউন্সিলের বিভিন্ন কার্যক্রমে

সহযোগিতার আশ্বাস দিয়ে তিনি বলেন, সাব-এডিটররা হচ্ছেন গণমাধ্যমের প্রাণ। তাদের কল্যাণে আমরা যথাযথ সহযোগিতা করবো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.১)।

১১। জাতীয়করণ করা হলো আরও ৩৬ মাধ্যমিক বিদ্যালয়

আরও ৩৬টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে জাতীয়করণ করেছে সরকার। গত ২৮ মে সোমবার এ বিষয়ে আদেশ জারি করে শিক্ষা মন্ত্রণালয়, যা গতকাল প্রকাশ করা হয়। এ নিয়ে দেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়াল ৪০৩টি। দেশের যেসব উপজেলায় কোনো সরকারি কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় নেই, সেগুলোতে একটি করে মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ সরকারি করার উদ্যোগ নিয়েছে সরকার। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.৬)।

১২। ৩৮ ও ৩৯তম বিসিএস পরীক্ষার তারিখ নির্ধারণ করেছে পিএসসি

৩৮তম বিসিএসের লিখিত এবং ৩৯তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষার তারিখ নির্ধারণ করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। সূচি অনুযায়ী আগামী ৮ আগস্ট ৩৮তম বিসিএসের লিখিত পরীক্ষা শুরু এবং ৩ আগস্ট অনুষ্ঠিত হবে ৩৯তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা। পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক গতকাল (২৯ মে মঙ্গলবার) এ তথ্য জানিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষপৃ.,ক.৫),**সমকাল** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** দেশে প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে একনেক সভায় ৩৮ হাজার ৩৯৭ কোটি টাকার একাধিক প্রকল্প অনুমোদনের বিষয়টি ইতিবাচক বলে মতপ্রকাশ।

খ. **ইত্তেফাক :** গণপরিবহণের অব্যবস্থাপনা, অরাজকতা বেড়ে যাওয়ায় যাত্রীদের সীমাহীন দুর্ভোগ পোহাতে হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সংবাদ, নিউ নেশন, নিউ এজ :** সৌদি আরব থেকে শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হয়ে গৃহকর্মীরা দেশে ফিরে আসছেন উল্লেখ করে এসব নির্যাতিত নারীদের পুনর্বাসনের সুপারিশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** এসএসসি পরীক্ষায় অকৃতকার্য ৯৬টি মাদ্রাসাসহ ১০৯টি স্কুলে এমপিও অর্ডার বাতিল অথবা এসব প্রতিষ্ঠানের শিক্ষার অনুমতি অফিসিয়ালি বাতিলের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে তা দ্রুত কার্যকরের প্রত্যাশা।

ঙ. **ডেইলি সান** : নিষেধ থাকা সত্ত্বেও প্রতিনিয়ত সমুদ্র উপকূল থেকে চিংড়ির রেণু পোনা আহরণের ফলে অন্যান্য মৎস্যসম্পদের বিপুল ক্ষতি হওয়ায় এ কাজ প্রতিহতে হ্যাচারিতে পর্যাপ্ত পোনা উৎপাদনের ব্যবস্থাকরাসহ উপকূলীয় চার লাখ লোকের জন্য বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** আসন্ন ঈদে ঢাকায় কর্মরত লোকদের নিরাপদ ঘরে ফেরা নিশ্চিত করতে সড়ক মহাসড়কের উন্নয়ন কর্মকাণ্ড দ্রুত শেষ করাসহ পুলিশ এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মধ্যে সমন্বয় করে কাজ করার আহ্বান।

ছ. **নিউজ টুডে :** দেশের প্রতিটি উপজেলায় টেকনিক্যাল কাম ভোকেশনাল ইন্সটিটিউট স্থাপনের মাধ্যমে দেশের তরুণ জনগোষ্ঠীকে প্রশিক্ষণের দ্বারা চাকুরির জন্য উপযুক্ত করে গড়ে তোলার সুপারিশ।

জ. **নিউ এজ** : রেলের বুকিং বাতিলের ফলে অবিক্রিত টিকিটগুলো রেল জার্নির একঘন্টা পূর্বে বিক্রির ব্যবস্থা করে যাত্রীদের হয়রানি লাঘবের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গ্রামকে এমনভাবে গড়তে হবে, যাতে গ্রামীণ জনগোষ্ঠী ব্যাপকভাবে শহরমুখী না হয়।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'শিক্ষা সংস্কৃতি ও সম্পর্কের সেতুবন্ধন বাংলাদেশ ভবন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশ-ভারত সম্পর্কের ক্ষেত্রে বাংলাদেশ ভবন প্রতিষ্ঠা একটি মাইলফলক।

#

ডালিয়া/খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা